604

ভোরের কাগজ

তারিখ ... JAN. 10 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ...

ঢা. বি.তে ছাত্রী নিপীড়ন

# তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশে বিলম্বের প্রতিবাদে ক্যাম্পাসে সমাবেশ, মিছিল

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক কর্তৃক ছাত্রী লাঞ্ছনার ঘটনা তদন্তে গঠিত কমিটির রিপোর্ট প্রকাশে বিলম্ব হওয়ায় গতকাল শনিবার যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা ও বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে।

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত 'যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীদের' সমাবেশে বক্তারা তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশে বিলম্বের কারণে ক্ষোভ প্রকাশ করেন। বক্তারা গার্মেন্টস শ্রমিকদের কুশপুত্তলিকায় থু থু নিক্ষেপকারীদের এবং যৌন নিপীড়নবিরোধী মিছিলে হামলাকারীদের বিচার দাবি করেন।

গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশ অনুষ্ঠিত হয় অপরাজেয় বাংলার পাদদেশে। সমাবেশে নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে হুঁশিয়ার করে দিয়ে বলেন, ছাত্রী নিপীড়নের তদন্ত নিয়ে কোনো ছল-চাতুরি, ষড়যন্ত্র সহ্য করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করা না হলে কর্তৃপক্ষকে যেকোনো প্রতিক্রিয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।

ছাত্রঐক্য সমাবেশ থেকে প্রক্টোরিয়াল বিধি সংশোধন ও চার দফা দাবি আদায়ের লক্ষ্যে আজ উপাচার্যের দপ্তরে অবস্থান ধর্মঘট, আগামীকাল সিন্ডিকেট ঘেরাও কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

একই দাবিতে জাসদ ছাত্রলীগ, ছাত্রফ্রন্ট, ছাত্র ফেডারেশন ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে।

গত ৬ জানুয়ারি তদন্ত কমিটির রিপোর্ট পেশ করার কথা ছিল। কিন্তু নির্ধারিত সময়ে তা প্রকাশ না করে আজ রোববার তা প্রকাশের ঘোষণা দেওয়া হয়। তবে আজও রিপোর্ট প্রকাশিত হবে না বলে জানা গেছে।